

বৈকুণ্ঠপুর চা বাগানের শ্রমিকদের মজুরী, রেশন সহ অন্যান্য সমস্যা সমাধানে মানববন্ধন

গত ১২ সপ্তাহ যাবত বৈকুণ্ঠপুর চা বাগানের চা-শ্রমিকদের মজুরী বন্ধ রয়েছে। এর পাশাপাশি চিকিৎসাসেবা, রেশনসহ অন্যান্য সকল ধরনের সুযোগ-সুবিধা থেকেও বঞ্চিত রয়েছে চা শ্রমিকরা। এমনকি ২৪ মাসের প্রভিডেন্ট ফান্ডের টাকা চা বাগান কর্তৃপক্ষ কর্তৃক আত্মসাৎ করা হয়েছে। যার ফলশ্রুতিতে এই চা-বাগানের চা-শ্রমিকদের জীবনে নেমে এসেছে অবর্ণনীয় দুর্ভোগ ও অভাব-অনটন। চা শ্রমিকরা অনাহারে-অর্ধাহারে দিনাতিপাত করছে। গত ৬ মাস ধরে চিকিৎসাসেবা বন্ধ থাকার কারণে অসুখ-পীড়ায় ভোগছে চা-শ্রমিকরা। চা বাগান কর্তৃপক্ষ কর্তৃক বিক্রিকৃত বালি অনিয়মতান্ত্রিক উপায়ে উত্তোলন করার ফলে এই চা বাগানের অভ্যন্তরীণ রাস্তা-ঘাট ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। যার কারণে যোগাযোগ ব্যবস্থার দিক থেকেও চরম দুর্ভোগে আছে চা-শ্রমিকরা। গত ১০ জুলাই, ২০১৬ তারিখে বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন, উপ-শ্রম অধিদপ্তর (ডিডিএল) ও মালিকপক্ষের ত্রি-পক্ষীয় বৈঠকে বৈকুণ্ঠপুর চা বাগানের মালিক প্রদীপ মূখার্জী ২৫ জুলাই-এর মধ্যে অত্র চা বাগানের সকল সমস্যা সমাধানের জন্য লিখিতভাবে অঙ্গীকার করলেও ২৮ জুলাই পর্যন্তও কোনো ধরনের সমাধান হয় নি।

